

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আমেরিকার মানুষ যেসব মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা মোকাবিলা করেছে, HIV/AIDS হলো সবচেয়ে গুরুতরগুলোর একটি। HIV আক্রান্ত মানুষকে বহু বছর সুস্থ রাখতে চিকিৎসা-বিজ্ঞান অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। তারপরও, এর কোনও নিরাময় নেই, এবং আমরা আমাদের শিক্ষার্থীদের সংক্রমণ থেকে নিরাপদ রাখতে সহায়তা দেয়ার একমাত্র উপায় হচ্ছে শিক্ষা।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (NYC DOE) সমন্বিত স্বাস্থ্য শিক্ষার অংশ হিসেবে HIV/AIDS বিষয়ে শিক্ষা কিভারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক করেছে। *HIV/AIDS পাঠ্যক্রম* যা NYC DOE, NYC-এর শিক্ষার্থীদের জন্য প্রস্তুত করেছে, তা বয়স ও পরিপক্বতা অনুযায়ী উপযুক্ত। উদাহরণস্বরূপ, কিভারগার্টেনে, শিক্ষার্থীরা কীভাবে মানুষ অসুস্থ হয় ও কীভাবে নিরাময় লাভ করে সেবিষয়ে শিখবে। গ্রেড 7-এ, কীভাবে HIV শরীরের প্রতিরোধ ব্যবস্থাকে আক্রমণ করে, অ্যালকোহল ও ড্রাগ ব্যবহারের ঝুঁকি, এবং পিতামাতা/অভিভাবক অথবা তত্ত্বাবধানকারীদের সাথে ভাববিনিময়ের গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীরা শিখবে। হাই স্কুলের পাঠ্যসমূহ, HIV সংক্রমণ, যৌনবাহিত রোগ সংক্রমণ (সেক্সুয়ালি ট্রান্সমিটেড ইনফেকশন, STI), এবং ইচ্ছাবিরুদ্ধ গর্ভাবস্থার ঝুঁকিতে ফেলবে যেসব আচরণ, শিক্ষার্থীদের সেগুলো পরিহার করা সম্পর্কে শেখাবে।

পিতামাতা বা আইনী অভিভাবক হিসেবে, HIV/AIDS সম্পর্কিত পাঠের কিছু কিছু অংশ, যা HIV/যৌনবাহিত রোগ প্রতিরোধের বিভিন্ন পদ্ধতি সম্পর্কিত, সেগুলো পাঠ থেকে আপনার সন্তানকে বিরত রাখার অধিকার আপনার আছে। “অপট আউট” (নাম প্রত্যাহার) করা যাবে এমন প্রতিরোধক পাঠ্যক্রমগুলো *HIV/AIDS কিউরিকুলামে* চিহ্নিত করা আছে, যা অনলাইনে <https://www.weteachnyc.org/resources/resource/hiv-aids-curriculum-2012-edition/> - ওয়েবসাইটে পাওয়া যাবে।

আপনি যদি চান আপনার সন্তান এই পাঠ থেকে অব্যাহতি পাক, আপনাকে অবশ্যই আমার কাছে একটি চিঠি দিতে হবে, যেটায় নিম্নলিখিত বিষয়গুলো লেখা থাকতে হবে:

- আপনার সন্তান “অপট আউট” (নাম প্রত্যাহার) করা যাবে এমন প্রতিরোধক পাঠ্যক্রমগুলো চলাকালে ক্লাসরুমে
- থাকবে না; এবং বাড়িতে আপনি প্রতিরোধ বিষয়ে শিক্ষাদান করবেন।

আপনার সন্তানকে HIV/AIDS সম্পর্কে কথা বলতে উৎসাহিত করুন। এটা করলে, আপনার সন্তানের HIV সংক্রমণ সম্পর্কে সচেতনতা আরো বৃদ্ধি করবে, এবং আপনি ও আপনার সন্তানকে ছেলেমেয়েদের স্বাস্থ্য ও তাদের ভবিষ্যতের সুরক্ষার জন্যে যৌন সঙ্গম থেকে বিরত থাকা যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও কার্যকর পন্থা, সে বিষয়ে আলোচনার সুযোগ করে দেবে।

আমাদের স্কুল ওয়েলনেস কাউন্সিলে সংশ্লিষ্ট হতে অথবা HIV/AIDS বিষয়ে একটি PTA উপস্থাপনা সমন্বয় করতে আমরা আপনাকে স্বাগত জানাই। এই পাঠ্যক্রমে আপনি কীভাবে আমাদের সহায়তা করতে পারেন, সেবিষয়ে আপনার সন্তানের শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা আমার সাথে আলাপ করুন। এই বিষয় সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আমাদের \_\_\_\_\_ নম্বরে ফোন করুন!

বিনীত,

প্রিন্সিপ্যাল